# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২২৬

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৩) ওযুর পর দু'রাকাআত সালাত পড়ার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في ركعتين بعد الوضوء

আরবী

(صحيح) عَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لِبلَالٍ عِنْدَ صَلَاةِ الْفَجْرِ يَا بِلَالُ حَدِّثْنِي بِأَرْجَى عَمَلٍ عَمِلْتَهُ فِي الْإِسْلَامِ فَإِنِّي سَمِعْتُ دَفَّ نَعْلَيْكَ بَيْنَ يَدَيَّ فِي الْجَنَّةِ قَالَ مَا عَمِلْتُ عَمَلًا أَرْجَى عِنْدِي من أَنِّي لَمْ أَتَطَهَّرْ طَهُورًا فِي سَاعَةِ لَيْلٍ أَوْ نَهَارٍ إِلَّا صَلَّيْتُ بِذَلِك الطُّهُورِ مَا كُتِبَ لِي أَنْ أُصَلِّيَ. رواه البخاري ومسلم

বাংলা

২২৬. (সহীহ) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বেলালকে বললেনঃ ”হে বেলাল! ইসলামে তুমি এমন কোন (নফল) আমল করেছো যা তোমার কাছে সর্বাধিক আশান্বিত আমল। কেননা জান্নাতে আমার সম্মুখে তোমার জুতার আওয়ায আমি শুনেছি। তিনি বললেনঃ আমার দৃষ্টিতে তেমন আশান্বিত কোন আমল আমি করিনি, তবে রাত বা দিনের যে কোন মু�হূর্তে যখনই আমি পবিত্রতা অর্জন করেছি, তখনই সেই পবিত্রতা দ্বারা যতটুকু আমার ভাগ্যে লিখা আছে আমি সালাত আদায় করেছি।”

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ১১৪৯ ও মুসলিম ২৪৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন